



বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION
BCIC BHABAN, 30-31 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH
PHONE-PABX: 9562140-4, FAX: 880-2-9564120; Web: www.bcic.gov.bd



সূত্র: ৩৬.০১.০০০০.১১৬.২১.২০৮.২০.২১০

তারিখ: ১৫-১২-২০২০খ্রি।

বিষয়: সেবা সহজীকরণের লক্ষ্যে বিসিআইসি'র ওয়েবসাইটে সন্নিবেশিত (Uploaded) ACR Form পূরণ ও দাখিলের নীতিমালা/নির্দেশিকা।

সেবা সহজীকরণ কর্মপ্রক্রিয়ার ধারাবাহিকতায় সংস্থা ও সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্পসমূহে কর্মরত গ্রেড-১০ ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণের জন্য প্রযোজ্য ACR Form বিসিআইসি'র ওয়েবসাইটে PDF আকারে সন্নিবেশিত (Uploaded) করা হয়েছে। ACR দাখিলের ক্ষেত্রে ইতিপূর্বে সময়ে সময়ে জারীকৃত পত্র/সাকুলার/অনুশাসনমালা ইত্যাদি এর অনবৃত্তিক্রমে নিম্নোক্ত নীতিমালা/নির্দেশিকা অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া হলো:

- সংস্থা ও সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্পসমূহে কর্মরত গ্রেড-১০ ও তদুর্ধ্ব পর্যায়ের প্রত্যেক কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ (০১ কপি) ACR Form সংস্থার ওয়েবসাইট www.bcic.gov.bd থেকে Download ও A-4 size এর অফসেট কাগজে (উভয় পৃষ্ঠায়) Print করে যথাযথভাবে স্ট্যাপল ও স্ব-হস্তে পূরণ করতঃ স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন গ্রহণান্তে ৩১শে জানুয়ারী তারিখের মধ্যে অগ্রায়ন পত্রের মাধ্যমে নিজ নিজ অনুবেদনকারী কর্মকর্তার নিকট দাখিল এবং প্রমাণক সংরক্ষণ করবেন। উল্লেখ্য, ACR Form এর জন্য প্রধান কার্যালয়ে আগমন নিষ্প্রয়োজন।
- ACR দাখিল, অনুবেদন, প্রতিস্বাক্ষর, চূড়ান্ত মূল্যায়নের নির্ধারিত সময়সীমার মধ্যে প্রত্যেকে ACR Form-এর নিজ নিজ নির্ধারিত অংশ যথাযথভাবে পূরণ করতঃ স্বাক্ষর করবেন এবং নাম, পদবীসহ সিল/প্রাক্তন পদবী, কর্মস্থল ও তারিখ উল্লেখ করবেন। কোন কলাম ফাঁকা রাখা যাবে না।
- ACR দাখিল, অনুবেদন, প্রতিস্বাক্ষর, চূড়ান্ত মূল্যায়নের সময়সূচী:


▶ দুই স্তর বিশিষ্ট মূল্যায়নের ক্ষেত্রে—

ACR দাখিল/অনুবেদন/প্রতি-স্বাক্ষর/চূড়ান্ত মূল্যায়ন	শেষ তারিখ
❖ অনুবেদনাধীন কর্মকর্তা-কর্মচারী কর্তৃক ACR দাখিল	৩১-০১-২০২১ খ্রি।
❖ অনুবেদনকারী কর্তৃক অনুবেদনান্তে প্রতি-স্বাক্ষরকারী কর্মকর্তার নিকট প্রেরণ	২৮-০২-২০২১ খ্রি।
❖ প্রতি-স্বাক্ষরকারী কর্তৃক মূল্যায়নকৃত ACR প্রধান কার্যালয়ের CR শাখায় প্রেরণ	৩১-০৩-২০২১ খ্রি।

▶ তিন স্তর বিশিষ্ট মূল্যায়নের ক্ষেত্রে—

ACR দাখিল/অনুবেদন/প্রতি-স্বাক্ষর/চূড়ান্ত মূল্যায়ন	শেষ তারিখ
❖ অনুবেদনাধীন কর্মকর্তা-কর্মচারী কর্তৃক ACR দাখিল	৩১-০১-২০২১ খ্রি।
❖ অনুবেদনকারী কর্তৃক অনুবেদনান্তে প্রতি-স্বাক্ষরকারী কর্মকর্তার নিকট প্রেরণ	২৮-০২-২০২১ খ্রি।
❖ প্রতি-স্বাক্ষরকারী কর্তৃক স্বাক্ষরান্তে চূড়ান্ত মূল্যায়নকারী কর্মকর্তার নিকট প্রেরণ	৩১-০৩-২০২১ খ্রি।
❖ চূড়ান্ত মূল্যায়নকারী কর্তৃক মূল্যায়নকৃত ACR প্রধান কার্যালয়ের CR শাখায় প্রেরণ	৩০-০৪-২০২১ খ্রি।

যথাসময়ে ACR দাখিল/অনুবেদন/প্রতি-স্বাক্ষর/চূড়ান্ত মূল্যায়ন না করা চাকরির শৃংখলা পরিপন্থী। তাই নির্ধারিত সময়সূচী অনুযায়ী আবশ্যিকভাবে এ'সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


(মুহাম্মদ সোলায়মান) 15.12.2020

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
চিফ অব পার্সোনেল এর পক্ষে।

বিতরণ (জ্যেষ্ঠতক্রমে নয়):

- উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), চেয়ারম্যান শাখা, বিসিআইসি।
- উপ-ব্যবস্থাপক (সমন্বয়), পরিচালক (সকল) বিসিআইসি।
- সচিব, বিসিআইসি, ঢাকা।
- সকল বিভাগীয়/উপ-বিভাগীয়/শাখা/দপ্তর প্রধান বিসিআইসি, ঢাকা/শাখা অফিস, চট্টগ্রাম।
- ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক/প্রকল্প পরিচালক/অধ্যক্ষ, বিসিআইসি কলেজ।